



ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলায় ১৩শ' স্কুল ক্ষতিগ্রস্ত



ছবি: আল জাজিরা

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাম্প্রতিক হামলায় ইরানের শিক্ষা খাতে বড় ধরনের ক্ষতি হয়েছে বলে জানিয়েছে দেশটির শিক্ষা মন্ত্রণালয়। সরকারি তথ্য অনুযায়ী, দেশজুড়ে প্রায় ১ হাজার ৩০০টি স্কুল ক্ষতিগ্রস্ত হয়েছে।

ইরানের শিক্ষামন্ত্রী আলিরেজা কাজেমির বরাতে জানা যায়, ক্ষতিগ্রস্ত স্কুলগুলোর মধ্যে ইতোমধ্যে ৭৭৫টি সংস্কার করে আবারও পাঠদানের উপযোগী করা সম্ভব হয়েছে। তবে এখনো বহু প্রতিষ্ঠান পুনর্গঠনের অপেক্ষায় রয়েছে।

রিপোর্ট অনুযায়ী, অন্তত ২০টি স্কুল পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতি হয়েছে তেহরান, কেরমানশাহ, ইসফাহান এবং হরমুজগান প্রদেশে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে। এসব তথ্য আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরা এবং ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আইআরএনএ নিশ্চিত করেছে।

শিক্ষামন্ত্রী জানিয়েছেন, গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত স্কুলগুলো আগামী অক্টোবরের মধ্যেই পুনর্নির্মাণ শেষ করার লক্ষ্য নেওয়া হয়েছে। একই সঙ্গে যুদ্ধ পরিস্থিতির মধ্যেও শিক্ষাব্যবস্থা সচল রাখতে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। সরাসরি ক্লাস ব্যাহত হলেও অনলাইন শিক্ষা, দূরশিক্ষণ এবং টেলিভিশনভিত্তিক ক্লাস চালু রাখা হয়। পাশাপাশি শিক্ষার্থীদের মানসিক সহায়তার জন্য কাউন্সেলিং সেবাও দেওয়া হচ্ছে।

এদিকে মিনাব অঞ্চলের শাজারেহ তাইয়েবাহ গার্লস স্কুলে ভয়াবহ ক্ষেপণাস্ত্র হামলার ঘটনায় ১৭০ জন নিহত হওয়ার তথ্যও উঠে এসেছে। নিহতদের মধ্যে শিক্ষার্থী ও শিক্ষক ছিলেন। ঘটনাটিকে স্মরণ করে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শোকসভা ও স্মরণানুষ্ঠান আয়োজন করা হয়েছে।